

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৫৮

ধর্মনগর, ৬ নভেম্বর, ২০২৩

আগামীকাল ধর্মনগরে রাজ্যভিত্তিক বাস্কেটবল প্রতিযোগিতা উদ্বোধন

রাজ্যভিত্তিক বাস্কেটবল প্রতিযোগিতা আগামীকাল থেকে ধর্মনগরে শুরু হচ্ছে। চলবে ৯ নভেম্বর পর্যন্ত। অনূর্ধ্ব ১৭ বছরের ছেলে ও মেয়েদের জন্য এই প্রতিযোগিতা বিবিআই বাস্কেটবল মাঠে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার উদ্বোধন করবেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। রাজ্যের আটটি জেলা থেকে মোট ১৮০ জন প্রতিযোগী ও প্রতিযোগিনী এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে। এই বাস্কেটবল প্রতিযোগিতাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সম্প্রতি ধর্মনগর পুর পরিষদের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন সভায় সভাপতিত্ব করেন। সভায় ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
